

বিবিএস এর অর্জনসমূহঃ

- ২০১৩ সালে ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্যদিয়ে পরিসংখ্যান আইন-২০১৩ প্রণয়ন।
- দেশের পরিসংখ্যান ব্যবস্থার সার্বিক উন্নয়নের স্বার্থে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ২০১৩ সালে **National Strategy for Development of Statistics (NSDS)** প্রণয়ন করা হয়।
- বর্তমান সরকারের **Digital Vision** কে সামনে রেখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল শুমারি ও জরিপের বিভিন্ন তথ্যসমূহ সার্ভারে সংরক্ষণ করে **Web enable GIS based Information System** এর মাধ্যমে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক তথ্য **digital** পদ্ধতিতে **Graphically** উপস্থাপন করা হয়েছে। তাছাড়া বাংলাদেশের বিভিন্ন মৌজা, ইউনিয়ন, থানা/উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে জনতাত্ত্বিক তথ্য ও উপাত্তকে **GIS map** এর মাধ্যমে উপস্থাপন ও তথ্য-সেবা প্রদানে **Geo-Master file** বিবিএস কর্তক সংরক্ষিত হয় এবং সরকারের অন্যান্য সংস্থার কাজে এ কোড ব্যবহার হয়।
- লাদেশের প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন, মৌজা, গ্রাম, সিটি করপোরেশন, পৌরসভা, মহল্লা ও **key Point Installation** এর নাম বাংলা ও ইংরেজিতে শুদ্ধ ও সুনির্দিষ্টকরণ, এ সকল সুনির্দিষ্ট নামের একটি আইনগত মর্যাদা (**Legal Status**) প্রদান, জিও কোড নম্বর প্রদান করার জন্য স্ট্রেনদেনিং জিও কোডিং সিস্টেম কর্মসূচি গ্রহণ করা হয়েছে।
- জিআইএস **Software** ব্যবহার করে সকল মৌজা/মহল্লার ম্যাপ প্রস্তুত করা হয়েছে। **GIS map** এর কারণে যেকোন এলাকায় ম্যাপ ভিত্তিক তথ্য উপস্থাপনের কাজ সহজ হয়েছে। এই ম্যাপ ব্যবহারের ফলে শুমারির কভারেজ বেড়েছে এবং শুমারি ও জরিপের গুণগতমানের উন্নতি হয়েছে।
- দেশের ক্ষুদ্র এলাকা ভিত্তিক দারিদ্র হার নির্ণয় ও সরবরাহের লক্ষ্যে বিশ্বব্যাংক এবং জাতিসংঘের বিশ্বখাদ্য কর্মসূচী এর আর্থিক ও কারিগরি সহায়তায় বিবিএস ২০১০ সালে বাংলাদেশ পোভার্টি ম্যাপ প্রণয়ন করেছে। ফলে সরকারের উন্নয়ন ও সামাজিক সুরক্ষা সংক্রান্ত বিষয়ে দরিদ্র জনগোষ্ঠীকে সহায়তা প্রদানের নিমিত্ত এই ম্যাপটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম জরিপ পরিচালনা করে নিয়মিতভাবে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবিহ/তালকের হার, আগমন-বর্হিগমনের হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধি হার ইত্যাদি প্রকাশ করে থাকে।